



017

বিদ্যালয় ভবনটি ধসে পড়ার আশংকা

নান্দাইল, ৩০ জুন (সংবাদদাতা)।—
নান্দাইল উপজেলার পাহাড়রিয়া
সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাদ যে
কোন সময় ধসে গিয়ে ছাত্র-শিক্ষক
সকলের জীবন নাশ হবার আশংকা
দেখা দিয়েছে।
জানা যায়, উক্ত প্রাথমিক বিদ্যালয়
ভবনটি তৎকালীন পাকিস্তান আমলে
পাকা করা হয়। কিন্তু বিগত বহু বছর
ধরে উক্ত দালানের ছাদে বেশ
কয়েকটি ফাটল ধরে। বৃষ্টিপাত মাত্রই
সবক'টি শ্রেণী কক্ষ ম্লাবিত হয়ে যায়।
তাছাড়া ছাদের ভিতরকার আস্তর
প্রায়সময়ই ধসে পড়তে থাকে।
তাছাড়া ছাদের উপরে সীতিমত
আগাছার বনভূমি সৃষ্টি হয়ে গেছে। এ
অবস্থায় শিক্ষকগণ ভীত সন্ত্রস্ত হয়ে
কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করলে

উপজেলা প্রকৌশলী এখানে আসেন
এবং লিখিত নোটিশমূলে উক্ত
বিপদসঙ্কুল ভবনে ক্লাস নিতে
শিক্ষকদের বারণ করেন। ফলে
শিক্ষকেরা এতদিন কক্ষের বাইরে
ক্লাস নিয়েছেন।
কিন্তু আশ্চর্যের বিষয়, উপজেলাতে
বেশ কয়েকটি প্রাইমারী স্কুল উন্নয়ন
পরিকল্পনাভুক্ত হলেও বিপদসঙ্কুল এ
বিদ্যালয়টির ব্যাপারে কোন সমস্যা
গৃহীত হয়নি।
জানা যায়, বিদ্যালয়ের প্রধান শিক্ষক
বিগত দু'বছর ধরে বিষয়টি
কর্তৃপক্ষকে অবহিত করা সত্ত্বেও
প্রতিকারমূলক কোন ব্যবস্থা এ পর্যন্ত
গৃহীত হচ্ছে না। ফলে বর্তমান বর্ষ
মৌসুমে বিদ্যালয় বন্ধ হয়ে যাবার
উপক্রম ঘটেছে।